

উত্তরবঙ্গে নবজাগরণ ও সামাজিক-সাংস্কৃতিক আন্দোলন

(Renaissance and Socio-Cultural Movement in North Bengal)



সম্পাদনা
ড. আনন্দগোপাল ঘোষ
কালীকৃষ্ণ সূত্রধর
সমিত সাহা

ABHIJEET PUBLICATIONS

4658-A, First Floor, Ambika Bhawan,
21 Ansari Road, New Delhi 110002

Phone: 011-23259444

E-mail: abhijeetpublication@gmail.com

twitter:- @AbhijeetPub21

whatsapp:- 8076785356

Facebook:- <https://www.facebook.com/abhijeetpublications>

instagram: @abhijeet_publications

LinkedIn: jitendra-singh-7729292b/

Website: www.abhijeetpublications.com

উত্তরবঙ্গে নবজাগরণ ও সামাজিক-সাংস্কৃতিক আন্দোলন

(Renaissance and Socio-Cultural Movement in North Bengal)

ড. আনন্দগোপাল ঘোষ, কালীকৃষ্ণ সূত্রধর ও সমিত সাহা

Edited by Dr. Ananda Gopal Ghosh, Kalikrishna Sutradhar & Somit Saha

@Editors

ISBN: 978-93-92816-66-6

First Published 2024

[All rights reserved. No part of this publication may be reproduced, copied, stored in a retrieval system, transmitted or used in any form or by any means, whether electronic, mechanical, photocopying, recording or otherwise, without the prior permission from the author or publishers, except for a brief quotations in critical articles or reviews.]

PRINTED IN INDIA

Published by J.K. Singh for Abhijeet Publications, New Delhi-110002, Lasertypeset by Abhijeet Typesetters, New Delhi and Printed at Infinity Imaging Systems, New Delhi.

বিদ্যাসাগর ও কোচবিহারের রাজপরিবার	২১৫
আনন্দগোপাল ঘোষ ও মনোজিৎ দাস	
কবিগুরু রবীন্দ্রনাথ ও কোচবিহারের রাজপরিবার	২১৮
আনন্দগোপাল ঘোষ	

পঞ্চম অধ্যায় : শিক্ষার অগ্রগতি ও বিজ্ঞান প্রযুক্তির বিকাশ	
ঔপনিবেশিক আমলে মালদাহের স্বদেশী শিক্ষার প্রসারে মনিষী বিনয় কুমার সরকারের ভূমিকা	২২৭
সমিত সাহা	
উত্তরবঙ্গে নারী শিক্ষার প্রসারে ব্রাহ্ম সমাজের অবদান	২৩৬
আনন্দগোপাল ঘোষ ও সুমনা ঘোষ দস্তিদার	
দেশীয় রাজ্য কোচবিহারের নারী শিক্ষার অগ্রগতি	২৪১
কালীকৃষ্ণ সূত্রধর	
বঙ্গীয় নবজাগরণের আলোকে জলপাইগুড়িতে মুসলিমদের শিক্ষার অগ্রগতি ও বিকাশ (১৮৬৯-১৯৪৭)	২৪৭
সুদীপ ভট্টাচার্য	
নবজাগরণের আলোকে বিজ্ঞান ও প্রযুক্তিবিদ্যা চর্চা ও গবেষণায় উত্তরবঙ্গ	২৫৫
আনন্দগোপাল ঘোষ	

ষষ্ঠ অধ্যায় : মধ্যবিত্ত শ্রেণীর বিকাশ, সভা সমিতি ও ছাপাখানার প্রতিষ্ঠা

দার্জিলিঙে নেপালী মধ্যবিত্ত শ্রেণীর উদ্ভব ও বিকাশ : ঐতিহাসিক সমীক্ষা	২৬৯
আনন্দগোপাল ঘোষ	
উনিশ শতকে উত্তরবঙ্গের সভা-সমিতি	২৭৩
আনন্দগোপাল ঘোষ	
জলপাইগুড়ি জেলার মুদ্রণ ও প্রকাশনা	২৭৮
আনন্দগোপাল ঘোষ	
লেখক পরিচিতি	২৮৩

বঙ্গীয় নবজাগরণের আলোকে জলপাইগুড়িতে মুসলিমদের শিক্ষার অগ্রগতি ও বিকাশ (১৮৬৯-১৯৪৭)

সুদীপ ভট্টাচার্য

ঊনবিংশ শতকে বাংলার সাংস্কৃতিক, শিক্ষা ও চিন্তার জগতে যে সুদূর প্রসারী পরিবর্তন এসেছিল তাকে বহু সমসাময়িক পণ্ডিত ও পরবর্তীকালের ঐতিহাসিকরা “বাংলার নবজাগরণ” বলে অভিযুক্ত করেছেন। প্রকৃতপক্ষে বাংলার নবজাগরণ বলতে বোঝায় ব্রিটিশ রাজত্বের সময় প্রভেদে ভারতের বাংলা অঞ্চলে ঊনবিংশ ও বিংশ শতকে সমাজ সংস্কার আন্দোলনের জোয়ার ও বহু কৃতী মনীষীর আবির্ভাবকে। আচার্য যদুনাথ সরকার ‘History of Bengal’ গ্রন্থে বলেছেন, ভারত তাদের কাছে সর্বতভাবে ঋণী। এটি ছিল একটি যথার্থ নবজাগরণ, যা ইউরোপীয় নবজাগরণ থেকে আরও ব্যাপক আরও গভীরও আরো বৈপ্লবিক ছিল। মূলত বাংলার নবজাগরণ শুরু হয় রাজা রামমোহন রায়ের সময় এবং এর ধারা শেষ হয় কবিগুরু রবীন্দ্রনাথ ঠাকুরের সময়। অনেক অধুনিক পণ্ডিত মনে করেন বাংলা নবজাগরণের সূত্রপাত হয় ঊনবিংশ শতকের গোড়ার দিকে, আবার অনেকের মতে গোটা ঊনবিংশ শতক জুড়েই বাংলায় যুদ্ধবৃত্তিক জাগরণ চলে যাকে যথার্থ অর্থেই নবজাগরণ বলা যায়। নবজাগরণের প্রধান পরিবর্তন সাধিত হয়েছিল ইংরেজী শিক্ষা গ্রহণের মাধ্যমে। তৎকালীন বঙ্গদেশে দেশে হিন্দু সমাজ এই নবজাগরণের ধারাকে সানন্দে গ্রহণ করে নিয়েছিল। সেই সময় বাংলাদেশে দুটি প্রধান সম্প্রদায় ছিল- হিন্দু ও মুসলমান। কিন্তু মুসলিম সমাজের মধ্যে নবজাগরণের প্রভাব অনেক পরে পরিলক্ষিত হয়েছিল।

ঊনবিংশ শতকে বঙ্গদেশের হিন্দু সমাজ ইংরেজী শিক্ষাকে গ্রহণ করলেও মুসলিম সমাজ এর থেকে নিজেদের দূরে সারিয়ে রেখেছিল। এর কারণ ছিল ইংরেজরা মুসলমানদের হাত থেকে শাসন ক্ষমতা কেড়ে নিয়েছিল বলে তারা ব্রিটিশ শাসনকে সুনজরে দেখেনি। ইংরেজ রাজত্বের সূচনা থেকে রাজার জাত মুসলমানেরা ঐতিহাসিক কারণেই নানাশঙ্ক্রে পিছিয়ে পড়েছিল। বিদ্যাবর্ধি, সাহিত্যে ও শিক্ষার উচ্চতরবৃত্তে ওইসময় মুসলিম সমাজে যানিয়ে এসেছিল এক তমসাজ্জর অধ্যায়। ব্রিটিশ সাম্রাজ্যবাদের জন্য মুসলমানদের প্রভাব-প্রতিপত্তি, সরকারি মান-মর্যাদা এমনকি ভাষা পর্যন্ত বিপন্ন হয়ে উঠেছিল। এছাড়া ছিল অর্থনৈতিক দুরবস্থা। এই দুরবস্থা সামগ্রিক মুসলমান সম্প্রদায়ের মধ্যে এত ব্যাপক ও গভীর ছিল যে সেই দুঃস্থ-জীর্ণ অবস্থার মধ্যে শিক্ষা ও সংস্কৃতি চর্চার মানসিকতা ছিল অত্যন্ত ক্ষীণ। বাংলার সামাজিক ইতিহাসের এ এক বড় রকমের দুর্ঘটনা।

ইংরেজের আবির্ভাবের ফলে রাজ্যতন্ত্রের অস্তিত্ব নষ্ট ও বহিজীবনে যে পরিবর্তন সূচিত হয়, তা রাজতন্ত্র মুসলমান সমাজকে কিভাবে এবং কি পরিমাণে স্পর্শ করেছে তা আলোচনার দাবী রাখে। একথা ঠিক যে, এসব পরিবর্তনের সূত্র ধরেই আংশিকভাবে হলেও বাংলাদেশে নবজাগরণ এসেছিল। ঊনবিংশ শতকের প্রথমার্ধে এই নবজাগরণের পদধ্বনি স্পষ্ট হয়ে উঠে। আধুনিক ভাষা